

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি

অফিস : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং: ঢাবো/পনি/৭৯৩

তারিখ: ০৩/০৭/২০২৬ খ্রি.

বিষয়: নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন কক্ষে আসন ব্যবস্থাকরণ এবং প্রশ্ন বিতরণের ক্ষেত্রে (সিলেবাস অনুযায়ী) অধিক সতর্কতা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, এইচএসসি পরীক্ষা ২০২৬-এর বিভিন্ন কেন্দ্র পরিদর্শনকালে লক্ষ্য করা গেছে যে, কিছু কেন্দ্রে নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। একই কক্ষে দুই সিলেবাসের (২০২৬ ও ২০২৫ সালের সিলেবাস) পরীক্ষার্থী থাকায় প্রশ্ন বিতরণে জটিলতা সৃষ্টি হচ্ছে। উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০২৬-এ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তাদের মতবিনিময় সভায় নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা এবং প্রশ্ন বিতরণে অধিক সতর্কতা গ্রহণ করার জন্য নির্দেশনা দেওয়া সত্ত্বেও কিছু কেন্দ্রে এর ব্যত্যয় ঘটেছে যা পাবলিক পরীক্ষা পরিচালনা নীতিমালা পরিপন্থী।

২। নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা এবং প্রশ্ন বিতরণে অধিক সতর্কতা গ্রহণ করার জন্য এইচএসসি পরীক্ষা ২০২৬-এর সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের পুনরায় নির্দেশ প্রদান করা হলো। পরবর্তীতে এ নির্দেশনার ব্যত্যয় ঘটলে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের বিরুদ্ধে Public Examination (offences) Act 1980 অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



প্রফেসর জেসমিন তাসলিমা বানু

আহবায়ক

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা

এইচএসসি পরীক্ষা ২০২৬-এর সকল কেন্দ্রসমূহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা/কারিগরি শিক্ষা বোর্ড
(স্ব স্ব শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
৬. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৯. অফিস কপি।